

## আকাশবাণী

- ১। জাতীয় হরিং ন্যয়পীঠ এন জি টি বায়ু দূষণ ঘিরে দিল্লী সরকারের তীব্র সমালোচনা করেছে।
- ২। সরকার বলেছে পণ্য ও পরিষেবা কর পরিষদ জি এস টির বৈঠকে ক্ষমতায়ণ এবং দ্বৈত নিয়ন্ত্রণ প্রসঙ্গের কোনো নিস্পত্তি হয় নি।
- ৩। অর্থমন্ত্রী আশ্বাস দিয়েছেন, আগামী ২ মাসের মধ্যে ও আর ও পি প্রসঙ্গে যাবতীয় বিষয়ের সমাধান করা হবে।
- ৪। FERA লঙ্ঘন মামলায় শমন এড়ানোর কথিত অভিযোগে, শিল্পপতি বিজয় মালিয়ার বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেপ্তারী পরোয়ানা জারী করা হয়েছে।
- ৫। স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা গর্ভবতীমহিলাদের স্বাস্থ্যের যত্ন সংশ্লিষ্ট সুযোগ সুবিধার উন্নতির লক্ষ্যে নতুন দিল্লীতে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃস্থ অভিযানের সূচনা করেছেন।
- ৬। আজ থেকে জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় প্যারিস চুক্তি, আন্তর্জাতিক আইনে পরিণত হলো।

## NGO licence:

শেষ সময়ের আগে নবীকরণের জন্য আবেদন না করায় সরকার বৈদেশিক অর্থদান নিয়ন্ত্রণ আইন FCRAর আওতায় ১১ হাজার NGOর লাইসেন্স বাতিল করেছে। এর আগে এই সব NGOর FCRA নথিভুক্তির বৈধতার মেয়াদ স্বরাষ্ট্রমন্ত্রকের এক আদেশের মাধ্যমে ৩১শে অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছিল। তবে ৩০শে জুনের মধ্যে তাদের নবীকরণের জন্য আবেদন করার প্রয়োজন ছিল। স্বরাষ্ট্রমন্ত্রক গতকাল এই সব NGOর একটি তালিকা প্রকাশ করে। তাতে বলা হয় এমাসের পয়লা তারিখ থেকে তাদের লাইসেন্স বাতিল বলে গণ্য হবে। এখন তারা বিদেশী দাতাদের কাছ থেকে অর্থ গ্রহণ করতে পারবে না।

## Court Mallya

দিল্লীর একটি আদালত FERA লঙ্ঘনের বিষয়ে শমন পালন না করার জন্য শিল্পপতি বিজয় মালিয়ার বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেপ্তারী পরোয়ানা জারী করেছে। আদালত বলেছে এদেশের





ইব্রাহিম বেলানের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। শক্তি মন্ত্রক এক বিবৃতিতে বলেছে, উভয় পক্ষ নবীকরণ যোগ্য শক্তি সহযোগিতার বিষয়ে বর্তমান সমঝোতা স্মারক পত্রের উল্লেখ করেন। এতে বলা হয়েছে মন্ত্রী পর্যায়ের প্রতিনিধি দল দুশনমুক্ত ক্ষেত্রে বিনিয়োগ, জ্বালানী শক্তির সমাধান, স্মার্ট সিটি প্রভৃতি বিষয়ে তিনটি গোল টেবিল বৈঠকে অংশ নেয়।

## Bihar Chhat

বিহারে আজ থেকে চারদিনের ছট পূজা শুরু হয়েছে। এই উৎসবের সময় পুন্যার্থীরা সূর্য দেবের বিশেষ পূজাচনা করেন। পবিত্রতা এবং সূর্যদেবের প্রতি নিষ্ঠার সঙ্গে এই উৎসবের গভীর সম্পর্ক রয়েছে। সূর্যদেবকে এই বিশ্বে জীবনের উৎস বলে গণ্য করা হয় এবং এই দেবতা মানুষের সকল মনবাসনা পূর্ণ করেন।